উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৮৪ তারিখঃ ১৩ নভেম্বর '২০২৪খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর'-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব শোভন সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৬ নভেম্বর '২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১০.৩০ টায় উপজেলা পরিষদ নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।

১৩/১১/২৪

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
২। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৬৪ তারিখঃ ১৩ নভেম্বর' ২০২৪খ্রিঃ

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	১৭/১১/২০২৪
২	উপজেলা কৃষি কর্মকর্তা	১৭/১১/২৪
৩	উপজেলা প্রকৌশলী	১৭/১১/২৪
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	১৭/১১/২৪
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	Shavifa ১৭/১১/২৪
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	১৭/১১/২৪
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	১৭/১১/২৪
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	১৭/১১/২৪
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	১৭/১১/২৪
১১	উপজেলা প: প: কর্মকর্তা	১৭.১১.২৪
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	১৭/১১/২৪
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	১৭/১১/২৪
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	১৭/১১/২৪
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	১৭/১১/২৪
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	17.11.24

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৬৪ তারিখঃ ১৩ নভেম্বর' ২০২৪খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	
২.	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৩.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৪.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৫.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	
৬.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	
৭.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৮.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
৯.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১০.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদের নভেম্বর/২৪ মাসের মাসিক
সাধারন সভার উপস্থিতি।

সভাপতি : জনাব শোভন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী
অফিসার, বাঘারপাড়া, যশোর।

স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ।

তাং ও সময়: ২৬-১১-২০২৪। বেলা: ১০:৩০ ঘটিকা

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগনের স্বাক্ষর:

১। প্রশাসক, পৌরসভা বাঘারপাড়া, যশোর —— [signature]

২। চেয়ারম্যান জহুরপুর ইউ.পি —— [signature]

৩। " বন্দবিলা " " —— [signature] ২৬/১১/২৪

৪। " রায়পুর " " —— [signature]

৫। " নারিকেলবাড়ীয়া " " ——

৬। " ধলগ্রাম " " —— [signature] ২৬/১১/

৭। " দোহাকুলা " " —— [signature] ২৬/১১/২৪

৮। " দরাজহাট " " —— [signature]

৯। " বাসুয়াড়ী " " —— [signature]

১০। " জামদিয়া " " —— [signature] ২৬/১১/২৪

* সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর: উপস্থিতি অনুসারে

১। ডা. অরূপ জ্যোতি ঘোষ; উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

২। ডা. মাহফুজুল আরেফিন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া যশোর।

৩। সাইয়েদা নাসরিন জাহান উপজেলা কৃষি অফিসার, বাঘারপাড়া যশোর

৪। ইসমত জেরিন আরবী, UEO, ২৮/১১/২৪

৫। সালমা খাতুন - UWAO - ২৮/১১/২৪

৬। আতুরা হক — UFO — ২৮/১১/২৪

৭। মো: আসাদুজ্জামান USSO 28/11/2024

৮। মো: মেহেদী হাসান উপজেলা নির্বাচন অফিসার ২৮/১১/২৪

৯। মো: আব্বর আলী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ২৮/১১/২৪

১০। মো: আবু হানিফ SAE, DPHE

১১। মো: ইকবাল হোসেন, UFPO

১২। মো: মোতালেব হোসেন - UDF, UGDP

Mottaleb

১৩। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

১৪। মো: আব্দুল কুদ্দুস, ফায়ার স্টেশন, বাঘারপাড়া, যশোর

১৫। মো: আনিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,

১৬। ইঞ্জি: খোকন মিয়া - LGED উপসহকারী প্রকৌশলী

১৭। মো: মোস্তাফিজুর রহমান, UCO

১৮। মো: মকবুল হোসেন - ভূমি (অফিস) ২৮/১১/২৪

Sharif Product

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : শোভন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৬ নভেম্বর ২০২৪খ্রিঃ, মঙ্গলবার, বেলা-১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব ইউসুপ মিয়া, প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা ও সহকারী কমিশনার(ভূমি), বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) ডাঃ অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০২) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব তহুরা হক, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ আরব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১৩) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
১৪) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৫) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৬) জনাব মোঃ খোকন মিয়া, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরূপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত	উপজেলা নির্বাহী অফিসার।

<table>
<tr><td></td><td></td><td>হয়</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ

পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।</td><td>সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় ।</td><td>১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>০৩.</td><td>বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন)

বর্তমানে পরিষদের ভাইস চেয়ারম্যান অপসারণ হওয়ায় কমিটির সভাপতি পদে দায়িত্বপ্রাপ্ত কেউ না থাকায় স্থায়ী কমিটির সভাকরণ বন্ধ আছে ।</td><td>পরবর্তীতে সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হবে ।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর</td></tr>
<tr><td>০৪</td><td>৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-
(ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত জনস্বাস্থ্য দপ্তরের অব্যবহৃত পুরাতন অফিস ভবন কনডেমনেশন এর মাধ্যমে অপসারণ: উপজেলা প্রকৌশলী কর্তৃক সরেজমিনে দেখে জানান যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলা জনস্বাস্থ্য দপ্তরের পুরাতন অফিস ভবনটি ব্যবহার অনুপোযোগী হয়ে পড়ায় নতুন ভবন তৈরি করা হয়েছে, কিন্তু পুরাতন ভবনটি ঝুঁকিপূর্ণ অবস্থায় পরিষদের অভ্যন্তরে রয়েছে । যা যেকোন সময় ভেঙ্গে পড়ে দুর্ঘটনা ঘটতে পারে। সুতরাং বর্ণিত জরাজীর্ণ অফিস ভবনটি কনডেমনেশন করা খুবই জরুরী, এ লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন উপস্থাপিত হয় যা নিম্নরুপঃ
<table>
<tr><th>ভবনের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>ভাঙ্গার খরচ</th><th>নীট</th></tr>
<tr><td>উপজেলা জনস্বাস্থ্য দপ্তরের পুরাতন অফিস ভবন</td><td>৩৫২৯৩৬/-</td><td>২১২৭০৭/-</td><td>১৪০২২৯/-</td></tr>
</table>
এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাক্কলন অনুমোদিত হয় এবং দ্রুততার সহিত প্রাক্কলকৃত জরাজীর্ণ/পরিত্যক্ত জনস্বাস্থ্য দপ্তরের পুরাতন অফিস ভবন ভাঙ্গার জন্য মন্ত্রনালয়ের অনুমোতি প্রাপ্তির লক্ষে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো ।
(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) সংক্রান্তঃ ২০২৪-২৫ অর্থ বছরে ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে । যেহেতু এবারের বরাদ্দ পেতে একটু সময় ক্ষেপন হয়েছে, সুতরাং প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম তরান্বিত করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দ্রুততার সহিত বিভাগীয় প্রধানগণ ও জনপ্রতিনিধীসহ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিল করার জন্য আহবান জানানো হয় । এছাড়া উপজেলা প্রকৌলীকে প্রকল্প তালিকা প্রাপ্তি স্বাপেক্ষে আগামী মাসের মধ্য ভাগের আগেই বাছাই কমিটির সভা আহবান করার জন্য অনুরোধ জানানো হয় ।</td><td>(ক)প্রাক্কলকৃত উপজেলা পরিষদের উপজেলা জনস্বাস্থ্য দপ্তরের পুরাতন অফিস ভবনটি ভাঙ্গার জন্য মন্ত্রণালয়ের প্রশাসিনক অনুমোদন প্রাপ্তির লক্ষে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিল করার জন্য আহবান জানানো হয় ।</td><td>(ক)
১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
৩। উপজেলা প্রকৌশলী,বাঘারপাড়া
৪। উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া

খ)(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া যশোর ।
(২) উপজেলা প্রকৌশলী
(৩) সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>০৫.</td><td>আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)
(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) অক্টোবর-২০২৪ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় ।</td><td>(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।</td><td>(ক)
১। প্রশাসক, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** (ক) **খাল হতে কচুড়িপানা অপসারণঃ** বাঘারপাড়া উপজেলাধীন বিভিন্ন খালে পানির প্রবাহ ঠিক রাখার লক্ষ্যে কচুড়িপানা অপসারণ করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পৌর প্রশাসক ও সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে তাঁর নিজ অধিক্ষেত্রের খালসমূহের কচুড়িপানা পরিস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় ।	(ক) খালসমূহের কচুড়িপানা পরিস্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া ২। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা ৩। ইউপি চেয়ারম্যান(সকল)
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি দ্রুততার সহিত এডিপি এর আওতায় বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিল করার আহবান জানান ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৯৫৪০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৫৯১ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৯২০ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৩৫ জন, ১৪ জন সিজারিয়ান করা হয়। ১৭১ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২২৯৫৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৫১০ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৪০২ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, HPV ক্যাম্পেইনের লক্ষ্যমাত্রা ৯০৬৮ এবং ২৫-১১-২০২৪খ্রিঃ পর্যন্ত প্রদান করা হয়েছে ৮৯০০(৯৮.১৪%) । গত ২৪-১০-২০২৪ হতে ২৮-১১-২০২৪খ্রিঃ পর্যন্ত ক্যাম্নি চলমান থাকবে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলাতে রোপা আমন ধান ৯০% কর্তন সম্পন্ন হয়েছে। বোরো ধানের বীজতলা তৈরি শুর হয়েছে। এ বছর অতিবৃষ্টির কারণে সরিষার আবাদ কম হয়েছে।এখনও পর্যন্ত ১৮১৩ হেঃ জমিতে সরিষা বপন হয়েছে। যেখানে লক্ষ্যমাত্রা ৪৬০০ হেঃ। রবি মৌসুমে প্রনোদনা কর্মসুচীর বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। চলতি মাসে ইউরিয়া ৬৬১ মেঃটন ,টিএসপি-৫০ মেঃটন,ডিএপি-১৬৫ মেঃটন , এমওপি-২৭৫ মেঃটন মজুদ আছে। আসন্ন রবি মৌসুমের জন্য সারের মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। আসন্ন রবি মৌসুমের রবি ফসলে কৃষকের সেচ কাজে সহায়তা করার প্রতিটি ইউনিয়নে বিভিন্ন কৃষকগ্রুপ উন্নত মানের ফিতা পাইপ উপজেলা পরিষদের অর্থায়নে বিতরণ এর ব্যবস্থা নেওয়া যেতে পারে। রায়পুর রোডে নলডাঙ্গা ও ভাতুড়িয়া এর সংযোগস্থলে সোনাকুর মাঠে সম্ভাব্য ৮০ বিঘা জমিতে জলাবদ্ধতা আছে ওখানে ৮০ ফিট পাকা ড্রেন যদি গোলাম নবীর বাড়ির পিছন দিয়ে করা যায় তবে উক্ত মাঠের জলাবদ্ধতা দূর হবে । এছাড়াও রায়পুর রোডে বাকি বিল্লার দোকানের বিপরীত পাশে বিল জলশ্বরের দিকে যে, রাস্তা গেছে যেখান দিয়ে বিলজলেশ্বরের আনুমানিক ১০৫ হেঃ জমির ধান তোলা হয়। উক্ত রাস্তাটি পাকা/ইট/সলিং করলে আনুমানিক ৫১০ জন কৃষক পরিবার উপকৃত হবে। তিনি আরো জানান যে, জামদিয়া ইউনিয়নের দক্ষিনপাড়া মোঃ ইউসুফ আলী বাড়ি পাশ থেকে জামতলা হয়ে গুচ্ছগ্রাম পযন্ত পর্যন্ত ১ কিঃমিঃ কাচা রাস্তা পাকা হলে ১০৬০ একর জমির ফসল উঠানো কৃষকদের সুবিধা হবে। নারিকেলবাড়িয়া ইউনিয়নের খানপুর মাঠপাড়াতে অশোক কুমার বিশ্বাসের বাড়ীর পাশ হতে হাজরা বটতলা হয়ে সাদিপুর কাটাখাল পর্যন্ত ১.০২ কিঃমিঃ রাস্তা হলে ৪০ কৃষক পরিবার ও ১০৪০ একর জমির ফসল সংগ্রহ করতে উপকৃত হবে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।

ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে রাজস্ব বাজেটের আওতায় ধুপখালী গ্রামের ২০ জন চাষীকে মাছের শীতকালীন রোগ ব্যবস্থাপনা বিষয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাঘারপাড়া উপজেলার খাজুরা বাজার সংলগ্ন মানুষমারি বিলে মৎস্য আইন বাস্তবায়নের জন্য অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ১০ টি (৮০০ মিটার) অবৈধ চায়না দুয়ারী জাল যব্দকরে জনসম্মুখে পোড়ানো হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষীদের মৎস্য চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। ১৩ অক্টোবর ২০২৪ হতে ০৩ নভেম্বর ২০২৪ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৪ সারাদেশের ন্যায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলাতেও সকল কার্যক্রম পরিচালনা করা হয়েছে আতিরিক্ত বৃষ্টির সময় চাষীদের সম্ভাব্য ক্ষতি প্রশমনের জন্য প্রয়োজনীয় সকল পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর-২৪ মাসে ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন- ১৮০, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন- ১০১০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন- ৪৬৬, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান ক. গবাদিপশুর টিকা প্রদান- ২৪৬০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান- ৪৭০০০ মাত্রা ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৪৬০টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান- ৮৬৫৩ টি, ৫.পোষাপ্রাণির চিকিৎসা প্রদান- ০৯ টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৫ টি, ৭.খামার পরিদর্শন- ১৩ টি, ৮.দুধ উৎপাদন- ২৪৫০টন, ৯.মাংস উৎপাদন- ৮১৬ মে.টন, ১০.ডিম উৎপাদন- ৪৬ লক্ষ **সারাদেশ ব্যাপি প্রণিসম্পদ ডিজিটাল সার্ভে কার্যক্রম চলমান।, ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)। ক. টিকাবীজ বিক্রয়- ২১৮৭৫/-, খ.কৃত্রিম প্রজনন- ৮৪৭৫০/-। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আরো জানান যে,	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে ১ম কিস্তি সকল ভাতার পেরোল পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। অনগ্রসর জনগোষ্টীদের বিশেষ ভাতা/অনগ্রসর জনগোষ্টীর শিক্ষা উপবৃত্তি,বেদে ও হিজড়া ভাতার আবেদন চলমান পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়-৩,৪৪,২৪৫/-(তিন লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত পয়তাল্লিশ টাকা)মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৬৭৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৭০(চক্র) কনডম ৫৪৮৬(পিস) ইনজেকটেবল ৭০২ জন আইইউডি ০৬জন, ইমপ্লান্ট ৭৩জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০৩, মোট ০৩ জন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, শিক্ষকদের জন্য বাংলা দুই ব্যাচ ট্রেনিং এসেছে, খুব শীঘ্রই শুরু করা হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম নির্দেশনা মোতাবেক সুষ্টভাবে চলমান আছে । শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রী-ছাত্রীরা মাদকাসক্ত হয়ে পড়ছে, সুতরাং শিক্ষা প্রতিষ্ঠানে সন্নিকটে তামাক জাতীয় পন্য বিক্রয় করা বন্ধ করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ ও জনসচেতনতা বৃদ্ধিতে সকলের সহযোগীতা কামনা করেন ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া ২। জনপ্রতিনিধী (সকল)
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। যার মধ্য থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে মোট ২১ জন কে যুব ঋণ হিসাবে ১১,০০,০০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯১%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৭১টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত ৩৫টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, জয়িতা অন্বেষনের আওতায় প্রাপ্ত ০৪ ক্যাটাগরিতে ০৪টি আবেদন সভায় উপস্থাপন করেন। সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে আবেদনসমূহ অনুমোদন করা হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	উপস্থাপিত আবেদন অনুমোদন প্রদান করা হয়। এবং কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। গভীর নলকূপ স্থাপনের ক্ষেত্রে অদ্য ২৬ নভেম্বর হতে ১২ ডিসেম্বর ২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত আবেদন দাখিলের সময়সীমা নির্ধরণপূর্বক কিছু শর্তাবলী সাপেক্ষে আগ্রহী ব্যক্তিবর্গকে আবেদন দাখিল করার জন্য আহবান জানানোর জন্য উপসহকারী প্রকৌশরী (জনস্বাস্থ্য) কে আহবান জানানো হয় এবং এ বিষয়ে জনসাধারণের মাঝে ব্যাপক প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। সর্বসাধারণের নিকট হতে আবেদন আহবানের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	১।(ক) চেয়ারম্যান, দরাজহাট ইউপি জানান যে, পারকুল, বুধপুর ও দরাজহাট এর মধ্যবর্তী মাঠে জলাবদ্ধতা সৃষ্টির কারনে অনেক ফসল নষ্ট হয়েছে। উক্ত জায়গায় যদি পানি নিষ্কাশন ব্যবস্থা করা যায় তবে উক্ত এলাকার দশ হাজার কৃষকের ফসল নষ্ট হওয়ার হাত থেকে বেচে যেত। (খ)এছাড়া তিনি আরো জানান যে ছাতিয়ানতলা বাজারের মাল্টিপারপাস শেড নির্মান কাজ সম্পন্ন করা হলেও কেন কার্যক্রম শুরু করার লক্ষ্যে হস্তান্তর করা হচ্ছে না সেটা বোধগম্য নহে। ২। চেয়ারম্যান, দোহাকুলা ইউপি দ্রুততার সহিত উন্নয়ন প্রকল্পের কার্যক্রম গ্রহণের বিষয়ে তাগিদ প্রদানপূর্বক জানান যে, প্রকল্প আগেভাগে গ্রহণ না করতে পারলে বর্ষার সময়ে কাজের মাল ভালো হয় না। ৩। চেয়ারম্যান, রায়পুর ইউপি বিল জলেশ্বরকে পর্যটন কেন্দ্র স্থাপন করা যায় কিনা সেবিষয়ে প্রস্তবনা পেশ করেন।	(১)(ক) উপজেলা কৃষি কর্মকর্তাকে বিষয়টি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়। (খ) ও(২) উপজেলা প্রকৌশলীকে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়।	(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (২) জনপ্রতিনিধী সকল (৩) সংশ্লিষ্ট সকল

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/১২/২৪

শোভন সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৬৭ **তারিখঃ ০১- ১২-২০২৪ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,..ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ঠ-খ

উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

অক্টোবর-২০২৪

যে সভায় উপস্থাপিতঃ- নভেম্বর-২০২৪

ক্রমিক	বিবরণ	বিলের পরিমান	চেকনং ও তারিখ
১.	মোঃ খলিল হোসেন, মালী, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর -২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৪৩০০/-	চেক নং ৫৩৪৩০১৩ তাং ০১.১০.২০২৪
২.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৪৩০০/-	চেক নং ৫৩৪৩০১৪ তাং ০১.১০.২০২৪
৩.	জনাব আশরাফুল কবির, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ০১-০৮ হতে ১৭-০৮-২০২৪ পর্যন্ত ১৭ দিনের সম্মানী ভাতা প্রদান	২১৯৩৫/-	চেক নং ৫৩৪৩০১৫ তাং ০২.১০.২০২৪
৪.	জনাব এনায়েত হোসেন লিটন, সাবেক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ০১-০৮ হতে ১৮-০৮-২০২৪ পর্যন্ত ১৮ দিনের মাসের সম্মানী ভাতা প্রদান	১৫৬৭৭/-	চেক নং ৫৩৪৩০১৬ তাং ০২.১০.২০২৪
৫..	মিসেস দিলারা জামান, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ০১-০৮ হতে ১৮-০৮-২০২৪ পর্যন্ত ১৮ দিনের মাসের সম্মানী ভাতা প্রদান	১৫৬৭৭/-	চেক নং ৫৩৪৩০১৭ তাং ০২.১০.২০২৪
৬.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে নির্বাহী অফিসারের গাড়ীর গ্যারেজ মেরামত কাজের বিল প্রদান	=২২৭৫০/-	চেক নং ৫৩৪৩০১৮ তাং ২০.১০.২০২৪
৭.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=২২৫০/-	চেক নং ৫৩৪৩০১৯ তাং ২০.১০.২০২৪
৮.	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের সেপ্টেম্বর-২৪ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান	=৫৮৪২/-	চেক নং ৫৩৪৩০২০ তাং ২২.১০.২০২৪
৯.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে অক্টোবর-২০২৪ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান	=২৭০০০/-	চেক নং ৫৩৪৩০২১ তাং ২৮.১০.২০২৪
১০.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩০০০/-	চেক নং ৫৩৪৩০২২ তাং ২৮.১০.২০২৪

৩/১১/২৪

শোভন সরকার
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।